

২৫

২৪৮ স্কুল মাদ্রাসায় কেউ পাস করেনি

স্টাফ রিপোর্টার : কঠোর ব্যবস্থা নেয়ার পরও এবার এস.এস.সি পরীক্ষায় শূন্য পাসের হারের প্রতিষ্ঠানের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। মাদ্রাসা, কারিগরি শিক্ষা বোর্ডসহ দেশের নয় বোর্ডের মধ্যে এ বছর শূন্য পাসের হার শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা দাঁড়িয়েছে ২৪৮টি। এর মধ্যে শীর্ষ অবস্থানের মধ্যে রয়েছে মাদ্রাসা বোর্ড। গত বছরের তুলনায় এ বছর ৫৫টি বেশি শিক্ষা প্রতিষ্ঠানে কোন ছাত্রছাত্রী পাস করেনি। গত বছর শূন্য পাসের হারের (২-পৃষ্ঠা ৬-এর ৯ঃ দেখুন)

২৪৮ স্কুল মাদ্রাসায় (প্রথম পাতার পর)

প্রতিষ্ঠান ছিল ১৯৩। একই সঙ্গে এক শ' ভাগ শিক্ষার্থী পাস করছে এমন প্রতিষ্ঠানের সংখ্যা হচ্ছে ৭৭৪টি। এ বছর সারাদেশে শূন্য পাসের হার প্রতিষ্ঠানের সংখ্যা বেড়ে যাওয়ার উদ্বেগ প্রকাশ করেছেন শিক্ষা সচিব মমোতাজুল ইসলাম। সারাদেশের এস.এস.সি পরীক্ষার ফল ঘোষণাকালে তিনি বলেন, গত বছরের ন্যায় এ বছর ফেসব শিক্ষা প্রতিষ্ঠানে কোন ছাত্রছাত্রী পাস করেনি ওইসব স্কুলের শিক্ষকদের বেতনভাতা বন্ধ রাখা হবে। তিনি আরও বলেন, এদেশে কৃষক, শ্রমিক এবং ডিক্কু' পর্যন্ত পরোক্ষ কর দিচ্ছে। ওই টাকায় শিক্ষকদের বেতন হচ্ছে। এটা শিক্ষকদের মনে রাখা উচিত।

এ বছর ঢাকা বোর্ডে ১৫টি, রাজশাহীতে ১২টি, কুমিল্লায় ৩টি, বরিশাদে ১৯টি, সিলেটে ৩টি এবং মাদ্রাসা বোর্ডে ১৬৫টি ও কারিগরি শিক্ষা বোর্ডে ২৮টি শিক্ষা প্রতিষ্ঠানে কোন পরীক্ষার্থী পাস করেনি। একমাত্র যশোর বোর্ডের অধীনে সর্বশ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা পাস করেছে।